জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর

ISO 9001:2015 Certified

Phone: 0981-63030/62403
Website: http://pbs.jamalpur.gov.bd, Email: jamalpurpbs@gmail.com

স্মারক নং- ২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৯.২৪.৩৮৮১ তারিখ : ১৭ ভাদ্র ১৪৩১ / ০১ সেপ্টেম্বর ২০২৪

# আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনক ও ধারাবাহিকভাবে কর্মসম্পাদনকারী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নোক্ত বর্ণনা মোতাবেক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিস এর চাকুরি হতে অব্যাহতি গ্রহণ করেছেন, সেই পবিস হতে প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন (যা বেশী) নির্ধারণ করা হবে। নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবো কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে। | ০১ | **বয়স সীমা:**<br>প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ (বায়ান্ন) বছর (২২-০৯-২০২৪ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরি করতে পারবেন। |
| | | | ০২ | **অভিজ্ঞতা:**<br>ইতঃপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে সন্তোষজনকভাবে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ধারাবাহিক ও সন্তোষজনকভাবে ০৩ বছর/০৬ বছর/০৯ বছর কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩ | **অন্যান্য যোগ্যতা:**<br>ক) প্রার্থীকে পাটি গনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারনা সহ সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে।<br>খ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকা ও চালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) যে সকল প্রার্থী ইতঃপূর্বে অত্র পবিস এ মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) হিসাবে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| | | | ০৪ | **নিয়োগ পদ্ধতি**<br>বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। শূন্য পদের বিপরীতে তৈরীকৃত প্যানেল এর ক্রম অনুযায়ী নিয়োগ প্রদান করা হবে। |

**শর্তাবলী:**

০১। নিয়োগ লাভে আগ্রহী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম- ম্যাঞ্জোরগণকে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (https://pbs.jamalpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক প্রার্থীর নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী (২২-০৯-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, সাদা কাগজে এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন পত্র গৃহীত হবে না।

০২। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবে-
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি,
(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভা/সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক পদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত এবং এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সম্প্রতি সত্যায়িত অভিজ্ঞতা সনদপত্র।

**০৩। চুক্তির মেয়াদকাল:**

সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০১/০২ দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যাবে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) =০৯ (নয়) বছর চাকুরিতে বহাল রাখা যাবে। তবে কোন অবস্থাতেই নিয়োগ প্রাপ্তগণ নতুন চুক্তিতে ০৯ (নয়) বছরের অধিক অথবা বয়স ৫৫ (পঞ্চান্ন) বছরের বেশী (যেটি আগে আসে) অত্র সমিতির চাকুরিতে নিয়োজিত থাকতে পারবে না।

**০৪। অন্যান্য শর্তাবলী:**

(ক) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র পবিস এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক নিয়মানুযায়ী প্রদত্ত মুনাফাসহ ফেরত প্রদান করা হবে।

(খ) অভিজ্ঞতা সনদ পত্রে উল্লিখিত প্রতিটি চুক্তি কাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, সর্বশেষ আহরিত মূল বেতন ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিস এ কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন) উল্লেখ থাকতে হবে।

(গ) প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতঃপূর্বে কর্মরত পবিস এর মোট চাকুরি কাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০. ১১০, ৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ: ১২-১১-২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(ঘ) অত্র পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিস এর কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) ইতঃপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে যে সকল প্রার্থী মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদের চাকুরি/চুক্তি হতে, অপসারিত, বরখাস্ত, চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে সেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত এবং শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে জামানত বাজেয়াপ্ত করা সহ চুক্তি বাতিল করে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(চ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্য কোন তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে জামানত বাজেয়াপ্ত করা সহ চুক্তি বাতিল করে তাঁর বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) খামের উপরে পদের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(জ) **জামালপুর পবিস এর ভৌগলিক এলাকার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই।**

(ঝ) **বর্তমানে বিভিন্ন পবিস এ কর্মরত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)-গণ; যাদের চুক্তির মেয়াদ আগামী ২২-১২-২০২৪ তারিখ বা তার পূর্বে শেষ হবে না তাদের আবেদন করার প্রয়োজন নেই।**

ঞ) অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

(ট) অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন কোন বিষয় অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০১/০৭/২৪

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ), জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবো, ময়মনসিংহ।
০৪। সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ........পবিস- ১/২/৩/
০৬। ডিজিএম সকল, জামালপুর পবিস।
০৭। এজিএম সকল, জামালপুর পবিস। (এজিএম-আইটি বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
০৮। জামালপুর পবিস এর নোটিশ বোর্ড/ওয়েব সাইট (https://pbs.jamalpur.gov.bd)।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

০১/০৭/২৪

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর

Phone: 0981-63030/62403
Website: http://pbs.jamalpur.gov.bd, Email: jamalpurpbs@gmail.com

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির **মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** পদে চাকুরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত কওে আঠা দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং:

২. আবেদনকৃত পদের নাম: মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ : চুক্তিভিত্তিক

৪. বিজ্ঞাপনের সূত্র: স্মারক নং- ২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৯.২৪.৩৯৬১,

৫. প্রকাশনার তারিখ: ০১-০৯-২০২৪

................................................ ................................................ ................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ
(এসএসসি/সমমান পরীক্ষার সনদ/জন্ম নিবন্ধন অনুযায়ী)

................................................ ......দিন/......মাস/......বছর

৮. মাতার নাম:

৯. বয়স (২২/০৯/২০২৪ খ্রিঃ তারিখে):

................................................ ................................................

১০. পিতার নাম:

১১. ধর্ম:

................................................ ................................................

১২. জাতীয়তা:

১৩. নিজ জেলা:

------------------------------------------------

১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা:

| বিবাহিত | | অবিবাহিত | |
|---|---|---|---|

১৬. মুক্তিযোদ্ধা কোটা থাকলে টিক চিহ্ন (√) দিন : হ্যাঁ/না।

১৭. স্থায়ী ঠিকানা:

................................... ................................... ................................... ...................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক :

................................... ................................... ................................... ...................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে):

| ক্রমিক | ইতিপূর্বে কর্মরত পবিসের/প্রতিষ্ঠানের নাম | চাকুরীর সময়কাল (হতে-পর্যন্ত) | | প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুই জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (রক্ত সম্পর্কীয় আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

**আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।**

--------------------------------- তারিখ

--------------------------------------- আবেদনকারীর স্বাক্ষর